# ২০১৯
# বাংলা
(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

দ্বিতীয় সেমেস্টার

তৃতীয় পত্র

## কোর্স কোড : BNGH/CC-T-III

(ছন্দ, কৃত্তিবাসী রামায়ণ ও বৈষ্ণব পদাবলী)

পূর্ণমান : ৬০ সময় : ২½ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও: ১০×২=২০

ক) 'মাত্রা' কাকে বলে?

খ) বাংলা ছন্দে অক্ষরের গুরুত্ব কতখানি?

গ) 'সখি কি পুছসি অনুভব মোয়' — এই পদটির পদকর্তা কে? পদটি কোন্ পর্যায়ের?

ঘ) বাৎসল্যরসের যে-কোনো একটি পদের কবির নাম উল্লেখ করে একটি চরণ লেখো।

ঙ) চৈতন্যপূর্ব ও চৈতন্য-উত্তর যুগের দু'জন করে পদকর্তার নাম উল্লেখ করো।

চ) রাজা দশরথের চার পুত্রবধূর নাম লেখো।

[ পরের পাতায়]

ছ) কার্ত্ত্যবীর্জাজুন কে? তার পরিচয় দাও।

জ) লক্ষ্মণকে কে কীভাবে বাঁচিয়েছিল?

ঝ) বালি, সুগ্রীব, অঙ্গদ, জাম্বুমান — এদের পরিচয় কী? রামায়ণে তাদের ভূমিকাই বা কী?

ঞ) পর্ব বিভাজন করো:

মোরা ভোরের বেলায় ফুল তুলেছি দুলেছি দোলায়।

ট) 'মুক্তক ছন্দ' কোন্ কবি তাঁর কোন্ কাব্যগ্রন্থে ব্যবহার করেছিলেন?

ঠ) অমিত্রাক্ষর ছন্দের দুটি বৈশিষ্ট্য লেখো।

ড) বৈষ্ণবধর্মে পঞ্চরস কী কী?

ঢ) রামচন্দ্র সীতাকে কোন্ ছলনার আশ্রয়ে বনবাসে পাঠিয়েছিলেন?

ণ) কুম্ভনসী কে? তার পরিচয় দাও।

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও: ৫×৪=২০

ক) নীচের যে-কোনো একটি কবিতাংশের ছন্দোলিপি প্রস্তুত করো : ৫

অ) ভাঙছো প্রদেশ, ভাঙছো জেলা জমিজমা ঘর বাড়ি
পাটের আড়ৎ ধানের গোলা কারখানা আর রেলগাড়ি।

আ) কবিতা তোমাকে দিলাম আজকে ছুটি,
ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়
পূর্ণিমা চাঁদ যেন ঝলসানো রুটি।

খ) 'সঙরি মঝু তনু অবশ ভেল জনু
অথির থর থর কাঁপ।
এ মঝু গুরুজন নয়ন দারুণ
ঘোর তিমিরহি ঝাঁপ।।'



পদকর্তার নাম উল্লেখ করে উদ্ধৃত চরণগুলির তাৎপর্য বিশ্লেষণ করো। ৫

গ) রামায়ণের উত্তরাকাণ্ডের ভাষাশৈলী বিষয়ে আলোচনা করো। ৫

ঘ) ''আজু হাম কি পেখলুঁ নবদ্বীপ চন্দ' — এই পদের পদকর্তার সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

ঙ) সংজ্ঞা লেখো (যে-কোনো **দুটি**): ৫

স্বরবৃত্ত, যতি, ছান্দসিক প্রবোধচন্দ্র সেন।

চ) উত্তরাকাণ্ড অবলম্বনে রামচরিত্রের গুরুত্ব আলোচনা করো। ৫

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) মাত্রাবৃত্ত ছন্দের সংজ্ঞা ও বৈশিষ্ট্য যথোপযুক্ত উদাহরণসহ বিস্তৃত আলোচনা করো। প্রসঙ্গত, প্রাচীন মাত্রাবৃত্তের একটি উদাহরণ ও দুটি বৈশিষ্ট্য লেখো। ১০

খ) 'মাধব কি কহব দৈববিপাক' — পদকর্তা অগ্রজ কোন্ কবির ভাবশিষ্য? পদটি বিস্তৃত আলোচনা করে পদকর্তার কাব্যপ্রতিভার প্রতি আলোকপাত করো। ১০

গ) উত্তরাখণ্ডে সীতা চরিত্রের বৈশিষ্ট্য আলোচনা করো। ১০

ঘ) 'আমার শপতি লাগে...' — কোন্ পর্যায়ের পদ? এই রসপর্যায়ের বিবরণ দিয়ে আলোচ্য পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো। ১০

---